# নির্বাচন পেছানো যাবে না, ক্ষমতা জনগণের হাতে: স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী




সংগৃহীত ছবি

স্বাস্থ্য উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, প্রধান উপদেষ্টার ঘোষিত তারিখ অনুযায়ীই নির্বাচন অনুষ্ঠিত হবে। জনগণ যদি নির্বাচনের প্রতি দৃঢ় থাকে, তবে কোনো বাহ্যিক চাপ নির্বাচন পেছাতে পারবে না। তিনি চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন।

শনিবার (১৬ আগস্ট) রাজধানীর মোহাম্মদপুরে কৃষি মার্কেট পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, “প্রধান উপদেষ্টার ঘোষিত তারিখ অনুযায়ীই নির্বাচন হবে। আমাদের পক্ষ থেকে স্যারের ঘোষণার ওপর কোনো পরিবর্তন নেই।”

তিনি আরও বলেন, “ক্ষমতা জনগণের হাতে। জনগণ যদি নির্বাচনের প্রতি সচেতন ও নির্বাচনী মনোভাবাপন্ন হয়, তাহলে কেউ নির্বাচন পেছাতে পারবে না।”

মোহাম্মদপুর ও মিরপুরে চাঁদাবাজি প্রবণতার বিষয়টি স্বীকার করে তিনি উল্লেখ করেন, “চাঁদাবাজ যেই হোক, তাকে ছাড় দেওয়া হবে না।”

একজন সাংবাদিক চাঁদাবাজি সংক্রান্ত কিছু অভিযোগের বিষয়ে জানতে চাইলে স্বরাষ্ট্র উপদেষ্টা মন্তব্য করতে রাজি হননি।

LENS ASIA